‘বিটাক চট্টগ্রাম, খুলনা, ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন (১ম সংশোধিত)’ শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি [Terms of Reference (TOR)]

পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব বাজেটের আওতায় ২০২০-২১ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় '**বিটাক চট্টগ্রাম, খুলনা, ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন (১ম সংশোধিত)** শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন (নির্ধারিত বাজেট):

১. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

'বিটাক চট্টগ্রাম, খুলনা, ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করবে:

১.১ প্রকল্পের সম্ভাব্যতা যাচাই পর্যালোচনা;

১.২ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের উৎস, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, অনুমোদিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্প এলাকা নির্বাচনে যৌক্তিকতাসহ সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১.৩ প্রকল্পের সবল, দুর্বল, সম্ভাবনা, ঝুঁকি ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি swot analysis;

১.৪ প্রকল্পের অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১.৫ প্রকল্পের উদ্দেশ্য ও লগফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা;

১.৬ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর) অনুযায়ী হচ্ছে কিনা তার বিশ্লেষণ এবং প্রকল্পের ডিপিপিতে উল্লিখিত ক্রয় পদ্ধতি অনুযায়ী করা হয়েছে/হচ্ছে কিনা সে বিয়য়ে পর্যালোচনা;

১.৭ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের জন্য প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিয়য়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১.৮ প্রকল্পের আওতায় সংগ্রহের জন্য পক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) অনুষঙ্গিক বিষয় পর্যালোচনা;

১.৯ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন কাজ শুরু করতে বিলম্ব অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবাক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক পর্যলোচনা;

১.১০ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন এবং জাতীয় কর্মশালায় প্রতিবেদন উপস্থাপন;

১.১১ প্রকল্প পরিচালক নিয়োগ, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা, স্টিয়ারিং কমিটির সভাসহ অন্যান্য সভা পরিকল্পনা বিভাগের পরিপত্র অনুযায়ী হচ্ছে কিনা তার পর্যালোচনা;

১.১২ বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার সিদ্ধান্ত ও প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন, অগ্রগতির তথ্য ইত্যাদি পর্যালোচনা;

১.১৩ ইন্টারনাল ও এক্সটারনাল অডিট হয়েছে কিনা; হলে আপত্তি আছে কিনা; আপত্তি থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি পর্যালোচনা;

১.১৪ প্রকল্প সামাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

১.১৫ প্রকল্পের Exit Plan সম্পর্কে পর্যালোচনা; এবং

১.১৬ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত অন্যান্য বিষয়াবলি।

২.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	• প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা।
২)	ক) টিম লিডার	যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি (সংশ্লিষ্ট ফিল্ডে পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে)।	• প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ১০ বছরের অভিজ্ঞতা। • গবষণা, নমুনায়ন, প্রশ্নপত্র প্রণয়ন, বিভিন্ন ধরণের পরিসংখ্যাণগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে জ্ঞান; • কমপক্ষে ৩টি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের প্রকাশনা থাকতে হবে। • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর-২০০৮) সম্পর্কে প্রশিক্ষণ ও অভিজ্ঞতা। • সামগ্রিক বিষয়ে সমন্বয় সাধন করে প্রতিবেদন প্রণয়নে অভিজ্ঞতা; এবং • উপস্থাপনা দক্ষতা (Presentation Skill)
	খ) সিভিল ইঞ্জিনিয়ার	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক	• পূর্ত নির্মাণ/ভবন নির্মাণ কাজে ৭ বছরের অভিজ্ঞত; • বিভিন্ন নির্মাণ উপকরণ পরীক্ষা করে তদবিষয়ে মতামত প্রদানের অভিজ্ঞতা; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর-২০০৮) সম্পর্কে প্রশিক্ষণ ও অভিজ্ঞতা।
	গ) প্রজেক্ট মনিটরিং এন্ড ইভালুয়েশন স্পেশালিস্ট	যে কোন বিষয়ে স্নাতকোত্তর (প্রকল্প ব্যবস্থাপনায় উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে)।	• সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৭ (সাত) বছরের অভিজ্ঞতা; • কম্পিউটার জ্ঞান, প্রতিবেদন প্রণয়নে অভিজ্ঞতা, প্রতিবেদন উপস্থাপনের সক্ষমতা; •

৩.০ বর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্রমিক	প্রতিবেদন	জমাদানের সময়	মন্তব্য
১)	প্রারম্ভিক প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ৬০ দিনের মধ্যে	
৩)	২ম খসড়া প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ৭৫ দিনের মধ্যে	
৪)	কর্মশালার পর চূড়ান্ত খসড়া প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ৯০ দিনের মধ্যে	
৫)	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ১০০ দিনের মধ্যে	

৪.০ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

০১.	প্রকল্পের নাম	:	**‘বিটাক চট্টগ্রাম, খুলনা, ও বগুড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপন (১ম সংশোধিত)’।**	
০২.	সংশ্লিষ্ট মন্ত্রণালয়	:	শিল্প মন্ত্রণালয়।	
০৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)	
০৪.	প্রকল্প এলাকা	:	চট্টগ্রাম, খুলনা ও বগুড়া জেলা।	
০৫	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	মূল	সংশোধিত
	(ক) মোট	:	৩১৬০.৯৯	৭৪৫৯.৭৮
	(খ) জিওবি	:	৩১৬০.৯৯	৭৪৫৯.৭৮
	(গ) প্রকল্প সাহায্য	:	-	-
০৬.	বাস্তবায়ন কাল	:	মূল	সংশোধিত
	(ক) আরম্ভের তারিখ	:	জুলাই/২০১৮	জুলাই/২০১৮
	(খ) সমাপ্তির তারিখ	:	জুন/২০২১	জুন/২০২২
০৭.	**প্রকল্পের উদ্দেশ্য:** • নারী হোস্টেল নির্মাণ, এতে ২৮৪জন প্রশিক্ষণার্থীর আবাসনের ব্যবস্থা হবে; • দক্ষ জনশক্তি উন্নয়নের জন্য শ্রম বাজারের চাহিদাভিত্তিক প্রতিটি ট্রেডে ৩০ জন করে ৯টি ট্রেডে ২৭০জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা; • প্রশিক্ষণ ও কর্মবাজারে লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং ভৌগলিক সমঘনত্ব সৃষ্টিতে সহায়তা করা; • দেশে এবং দেশের বাইরে প্রশিক্ষণার্থীদের জন্য কাজের সুযোগ বৃদ্ধি করা।			
০৮.	**প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ:** ➢ পাঁচতলা বিশিষ্ট হোস্টেল ভবন নির্মাণ-৩টি (প্রতিটি ২৫৮২.৬৮ ব:মি:); ➢ অন্যান্য নির্মাণ (ওয়াটার রিজার্ভার, সীমানা প্রাচীর, কম্পাউন্ড ড্রেইন, এপ্রোচ রোড ইত্যাদি নির্মাণ); ➢ বহি:স্থ বিতরণ লাইন, বহি:স্থ বিদ্যুতায়ন, সেন্ট্রিফিউগাল পাম্প, কম্পাউন্ড/নিরাপত্তা লাইটিং, এলটি তার; ➢ সয়েল টেস্ট/ ডিজিটাল জরিপ/পিডিএ টেস্ট; ➢ বাগান এবং ল্যান্ডস্কেপিং; ➢ কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয়; ➢ আসবাবপত্র ক্রয়।			

৫.০ আইএমইডি কর্তৃক প্রদেয়:

ক) অনুমোদিত ডিপিপি/আরডিপিপি;

খ) সংশ্লিষ্টদের সাথে প্রয়োজনীয় যোগাযোগ স্থাপণের লক্ষ্যে সহযোগিতা প্রদান।